#সীমান্তের সৈনিক#

##

আজ আর মাথার উপর
হাসে না নীল আকাশ
আজ আর আমার কাছে
উত্তর চাই না তোমার নীরব চিঠি
আজ এই বিস্তৃন রণভূমে দাঁড়িয়ে
শুধুই ভাবছি তোমায়।
জানি না আবার কবে
হাসবে তুমি
আজ আর মেঘ ডাকলে দেখতে পায় না
তোমার ময়ূরের নৃত্য
আজ আর বসন্ত এলে তুমি কোকিলের
সুরে গাওনা গান
আজ যে তুমি তোমার স্বরলিপির
খাতাটা হারিয়ে ফেলেছো।
আজ চারিদিকে শুদু উঠে এক
বেসুরো আওয়াজ
উঠে তাল হীন ছন্দ।।।
কেমন করে তুমি নাচবে আজ?
তোমার নূপুরের ঘুঙ্গুর গুলো একটা একটা করে
ছিঁড়ে পরে আছে চারিদিকে,
সেগুলো কুড়িয়ে নতুন করে গাঁথার
সময় আজ আর নেই।
আজ যে আমি সীমান্তের প্রহরী
আমার বন্দুক থেকে বেড়োয় শুধু গুলির আওয়াজ
যাতে হারিয়ে যায় তোমার গায়েলি কণ্ঠের আওয়াজ।
আজ চারিদিকে শুধু বুলেটের গর্জন
কানে আসে না তোমার নূপুরের ঝঙ্কার,
আজ একে -৪৭ এর নলায়
মৃত্যু করে তার উদ্দাম নৃত্য।
এ এক অন্য জগৎ যেখানে শুধুই
চলে মৃত্যুর মহাজনী।
উঠে শুধুই পোড়া মাংস আর
পোড়া বারুদের গন্ধ।
আজ তুমি স্বাধীন একজন নারী,
তবুও তোমার বেকারত্বের জীবন
আজ-ও তোমার আঁচল ভিজে যায় কান্নায়
আমিও এখানে আছি তোমার
দুঃখ দূর করার চেষ্টায়,
তোমারি জন্য,সব কষ্ট সহ্য করেও
আছি সীমান্তের পাহারায়,
তোমারি ইচ্ছায়,তোমারি রক্ষায়।।।।।।।।।।।

মীর গোলাম সাবীর আলী।
আমার কবিতা সংগ্রহ।
৯৮৩৬১০৭৯৫৭